দৈনিক সংবাদ

তারিখ ... 18 APR 1989 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 4 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

87

# প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে আজ ভর্তি পরীক্ষা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

আজ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের স্নাতক শ্রেণীর ভর্তি পরীক্ষা, চারটি অনুষদের পাচশ দশটি আসনের জন্য মোট তিন

(শেষ পৃঃ ৭-এম কঃ দ্রঃ)

## প্রকৌশল বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

হাজার পাচশ বারোজন ছাত্র-ছাত্রী প্রতিদ্বন্দ্বিতা করছে। চারটি অনুষদের অন্তর্ভুক্ত কম্পিউটার সায়েন্স এণ্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ, পুরকৌশল বিভাগ, যন্ত্রকৌশল বিভাগ, কেমিকৌশল বিভাগ, জলযান ও নৌযন্ত্র কৌশল বিভাগ এবং ধাতব কৌশল বিভাগে ভর্তির জন্য সর্বমোট তিন হাজার নয়শ চুয়াত্তরজন ছাত্রছাত্রী আবেদন করেছিল। তন্মধ্যে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান এবং রসায়নে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে প্রথম তিন হাজার পাঁচশ প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হয়েছে। এ বারের ভর্তি পরীক্ষায় যারা উল্লিখিত তিনটি বিষয়ে কমপক্ষে ৬৭ দশমিক ৩৩ শতাংশ নম্বর পেয়েছে তারাই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করছে। আগামীকাল বুধবার স্থাপত্য বিভাগের ৩০টি আসনের জন্য ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সর্বমোট ১৬৩২ জন ছাত্র-ছাত্রী এই পরীক্ষায় অংশগ্রহণ করবে।